



স্মারক নং-০৬(১০১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০২০-২০২১/২৪৫৯

তারিখ: ০৮/১১/২০২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ১৪ নভেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৩০ নভেম্বর ২০২১ তারিখ রাত ১২টা পর্যন্ত চলেবে। আশ্রয়ী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংক এর মাধ্যমে ০১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২০ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে।

এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের SSC ও HSC পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে কোর্সভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus /Important Notice অপশন থেকে জানা যাবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

- ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুজ বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৬/২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।
- গ) ২০১৬/২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরূপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮-২০১৯ অথবা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।
- চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ছ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সূচি

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/সিডিএফ কপি সংগ্রহের তারিখ:	১৪/১১/২০২১ থেকে ৩০/১১/২০২১
খ)	আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংক এর মাধ্যমে জমা দেয়ার তারিখ:	১৫/১১/২০২১ থেকে ০১/১২/২০২১
গ)	কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিচয়ন করার তারিখ:	১৫/১১/২০২১ থেকে ০২/১২/২০২১
ঘ)	কলেজ কর্তৃক আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Degree Pass) অপশন থেকে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৫/১২/২০২১ থেকে ০৯/১২/২০২১